




বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

“ইনোভেশন টিম” এর ২০২০-২১ অর্থবছরে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ মসলেম উদ্দীন
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)।
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

স্থানঃ বাকেশি সভা কক্ষ।
তারিখঃ ০৮-১১-২০২০ খ্রিঃ।
সময়ঃ ১১-৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ হলেনঃ

ক্রম	নাম ও পদবী	ইনোভেশন টিমে অবস্থান	স্বাক্ষর
১.	জনাব মোঃ এনামুল হক মহাব্যবস্থাপক (পেরিকল্পনা, উন্নয়ন ও মাঃ নিঃ) অঃ দাঃ।	সদস্য	
২.	জনাব এম. এম. মহিদুল ইসলাম ব্যবস্থাপক (সমন্বয়)।	সদস্য	
৩.	জনাব মোঃ মোজাহিদুর রহমান ব্যবস্থাপক (ক্রয়)।	সদস্য	

আলোচ্য সূচীঃ

- ১। ২০২০-২১ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।
- ২। ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ।
- ৩। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।
- ৪। বিবিধ।

আলোচ্য বিষয়-১: ২০২০-২১ অর্থবছরের প্রণীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করা হয় এবং ২০২০-২১ অর্থবছরে প্রণীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা হয়।

সভায় করোনাভাইরাস (COVID-19) বাংলাদেশসহ বিশ্বব্যাপী ব্যাপক বিস্তারে আক্রান্ত ও প্রাণহানী অনেক বৃদ্ধি পাওয়ায় স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে কাজ পরিচালনা করার আহ্বান জানানো হয়।

টিমের ফোকাল-পয়েন্ট ও সদস্য মহাব্যবস্থাপক (পেরিকল্পনা, উন্নয়ন ও মাঃ নিঃ) অঃ দাঃ জানান, টিমের ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক বাকেশি কর্মকর্তা/কর্মচারীদের পক্ষ থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণের আইডিয়ার তালিকা তৈরি করা হয়েছে। এ তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও জানান, বিগত ১০-০৯-২০২০ খ্রিঃ তারিখে ডিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ইনোভেশন টিমের এক সভা অনুষ্ঠিত হয় এবং বাকেশি'র পক্ষ থেকে তিনি অংশগ্রহণ করেন। সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার সংশোধিত বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) এবং উদ্ভাবনী উদ্যোগের তালিকা তৈরি করে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

বাকেশি ইনোভেশন টিমের সদস্যবৃন্দ জানান, প্রতিষ্ঠানের ভবিষ্যত উন্নয়নে উদ্ভাবনী ও সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রম অব্যাহত রাখা অত্যন্ত প্রয়োজন এবং টিম কর্তৃক অত্যন্ত আন্তরিকতার সাথে তা বাস্তবায়নে ভূমিকা রাখতে হবে। এই ধারাবাহিকতা অব্যাহত রেখে প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে সকলের ঐক্যবদ্ধ অংশগ্রহণসহ সেবা সহজিকরণ ও উদ্ভাবনী আইডিয়া প্রদান ও বাস্তবায়নে ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে যেতে হবে।

আলোচ্য বিষয়-২ ও ৩: বিগত ০৬-০৭-২০২০ খ্রিঃ তারিখে প্রণীত ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার পরিবীক্ষণ, বাস্তবায়ন অগ্রগতি ও মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মূল্যায়ন কাঠামোর আলোকে ২০২০-২১ এর বাকেশি'র বার্ষিক উদ্ভাবনী কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতিসহ পরবর্তী কার্যক্রমের চিত্র নিম্নে বর্ণিত হলোঃ

ক্রম	২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা	উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম	উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি
১।	উদ্ভাবনী ও সেবা সহজিকরণ বিষয়ক সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন ও তা বাস্তবায়ন।	নৈতিকতা ও শুদ্ধাচার চর্চা এবং ইনোভেশন সম্পর্কিত নতুন চিন্তা, চেতনা ও কৌশল নির্ধারণের জন্য নিয়মিত উদ্বুদ্ধকরণ কার্যক্রম। (বাস্তবায়ন কাল- ০১/০৭/২০২০ খ্রিঃ হতে ৩০/০৬/২০২১ খ্রিঃ পর্যন্ত)।	উদ্ভাবনী ও সেবা সহজিকরণ সংক্রান্ত বিষয়ে আহবানকৃত ধারণা পাওয়ার পর কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।
২।	১টি সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রম বাস্তবায়ন।	বাকেশি'র কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি উদ্ভাবনী উদ্যোগ উদ্ভাবন ও ১টি সেবা পদ্ধতি সহজিকরণে কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়ন। (বাস্তবায়ন কাল- ০১/০৭/২০২০ খ্রিঃ হতে ২০/০৫/২০২১ খ্রিঃ পর্যন্ত)।	নতুন একটি কার্যকর ও গ্রহণযোগ্য সেবা পদ্ধতি চিহ্নিত করা হয়েছে যা বাস্তবায়নের প্রাথমিক কার্যক্রম শুরু করা হয়েছে।
৩।	১টি উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন কার্যক্রম।	বাকেশি'র কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি উদ্ভাবনী উদ্যোগ উদ্ভাবন ও ১টি সেবা পদ্ধতি সহজিকরণে কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়ন। (বাস্তবায়ন কাল- ০১/০৭/২০২০ খ্রিঃ হতে ২০/০৫/২০২১ খ্রিঃ পর্যন্ত)।	অত্র প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য ১টি উদ্ভাবনী উদ্যোগ চিহ্নিত করা হয়েছে যা বাস্তবায়নের কার্যক্রম শুরু করা হয়েছে।
৪।	১টি নতুন ডিজিটাল সেবা তৈরী ও তা বাস্তবায়ন কার্যক্রম।	প্রতিষ্ঠানের কাজের সাথে সম্পৃক্ত জনগণকে অতি সহজে ও নির্বিঘ্নে সেবা প্রদানের জন্য ১টি ডিজিটাল সেবা তৈরী ও তা বাস্তবায়ন কার্যক্রম পরিচালনা। (বাস্তবায়ন কাল- ০১/০৯/২০২০ খ্রিঃ হতে ৩০/০৬/২০২১ খ্রিঃ পর্যন্ত)।	নতুন ১টি ডিজিটাল সেবা স্বল্প সময়ের মধ্যে প্রণয়নের কাজ অবিলম্বে শুরু হবে।

আলোচ্য বিষয়-৪: বিবিধ।

বর্ণিত উদ্ভাবনী কর্মপরিকল্পনাগুলির সক্রিয় বাস্তবায়নে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণ ও সহযোগিতা নিয়ে চলমান রাখা হয়েছে। কোন বিষয়ে পরামর্শ বা নির্দেশনার প্রয়োজন হলে টিম কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করছে।

গৃহীত কর্মপরিকল্পনাগুলোর কার্যকরী বাস্তবায়নে আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

- ১। ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী ও সেবা পদ্ধতি সহজিকরণ সম্পর্কিত সকল কার্যক্রমের সফল ও টেকসই বাস্তবায়নে ইনোভেশন টিমের সর্বাঙ্গিক কার্যক্রম ও সহযোগিতা অব্যাহত রাখা।
 - ২। নৈতিকতা ও শুদ্ধাচার চর্চায় মেধা বিকাশ ও মানসিকতার উন্নয়নে সকলকে আগ্রহী ও উৎসাহিত করতে হবে।
 - ৩। ইনোভেশন টিমের কর্মকান্ডের সকল প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 - ৪। অত্র প্রতিষ্ঠানের তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে সভার কার্যবিবরণী ও প্রতিবেদন আপলোড করতে হবে।
 - ৫। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা মেনে উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়নে ভূমিকা রাখতে হবে।
- সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

[Signature]
০৬/১১/২০২০

[Signature]
০৬/১১/২০

[Signature]
০৬/১১/২০২০

(মোঃ মসলেম উদ্দীন)
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
ও ইনোভেশন অফিসার।
বাকেশি ইনোভেশন টিম।